

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ, ১৫ বৈশাখ ১৪২১ বঙ্গাব্দ/২৮ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দ

নং ১৫/মূসক/২০১৪— যেহেতু, “আশ্রয়ণ প্রকল্প” বাংলাদেশের ভূমিহীনদের জন্য আবাসন ও আত্ম-কর্মসংস্থান মূলক কর্মসূচী এবং এর অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর যোগানদার হিসাবে উৎসে মূল্য সংযোজন কর কর্তন থেকে জাতীয় রাজস্ব বোর্ড অব্যাহতি প্রদান করেছে, যা ১৯৯৭ সাল থেকে শুরু হয়ে ৩টি পর্যায়ে ধারাবাহিকভাবে চলছে এবং বর্তমানে তা “আশ্রয়ণ-২” প্রকল্প নামে চলমান আছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে বিশেষ আদেশ নং ৩/মূসক/১৯৯৯, তারিখ ৮-৮-১৯৯৯ খ্রিঃ সংশোধনপূর্বক “আশ্রয়ণ-২” প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর যোগানদার হিসাবে উৎসে কর্তনযোগ্য মূসক হতে অব্যাহতি প্রদান করল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মূসক অব্যাহতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

( ১৩২৮৭ )

মূল্য : টাকা ৪.০০